



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ অক্টোবর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ বান্দরবান ইউনিট কার্যালয়ে সন্ত্রাসী হামলার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় কমিটির সিনিয়র সদস্য সচিব চাকমা আজ ১৬ অক্টোবর ২০২১ শনিবার এক বিবৃতিতে শাসকগোষ্ঠীর লেলিয়ে দেয়া সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ'র বান্দরবান জেলা কার্যালয়ে হামলা, ভাঙচুর ও পার্টির দলিলপত্র পুড়িয়ে দেয়ার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

উক্ত হামলাকে তিনি ন্যাক্কারজনক, ফ্যাসিস্ট ও সংবিধান-স্বীকৃত নাগরিকদের সংগঠন করার স্বাধীনতার ওপর নগ্ন হস্তক্ষেপ বলে আখ্যায়িত করে বলেন, 'গত ১৩ অক্টোবর সকাল ১১টার দিকে কালাচোখ চাকমা ওরফে অটল নামে আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত এক আসামীসহ আরো কয়েকজন সেনা-মদদপুষ্ট সন্ত্রাসী বান্দরবান শহরের বালাঘাটায় অবস্থিত ইউপিডিএফ কার্যালয়ে তালা ভেঙে প্রবেশ করে জিনিসপত্র ভাঙচুর ও বিভিন্ন মনিষীর পোস্টার-ছবিসহ পার্টির দলিলপত্র পুড়িয়ে দেয়।'

হামলার বিষয়ে স্থানীয় প্রশাসনকে অবগত করা হলেও হামলাকারী সন্ত্রাসীদের নিবৃত্ত করতে কোন পদক্ষেপ নেয়া হয়নি বলে ইউপিডিএফ নেতা অভিযোগ করেন।

তিনি বলেন ইতিপূর্বে গত ৩০ সেপ্টেম্বর মধ্যরাতে উপরোক্ত সন্ত্রাসীরা ইউপিডিএফের বান্দরবান জেলা সংগঠক ছোটন কান্তি তঞ্চঙ্গ্যাকে হত্যার উদ্দেশ্যে বালাঘাটায় তার বাড়িতে হামলা চালিয়েছিল। 'তার আগে গত ২০১০ সালের ১৮ ফেব্রুয়ারি কালাচোখ চাকমা ছোটন কান্তি তঞ্চঙ্গ্যাকে একবার হত্যার প্রচেষ্টা চালায়। আদালতে এ অপরাধ প্রমাণিত হওয়ায় বিচারক তাকে ২ বছর সাজা প্রদান করেন। এছাড়া অপর একটি অস্ত্র মামলায় তার ৮ বছরের কারাদণ্ডদেশ রয়েছে।'

সচিব চাকমা প্রশ্ন করে বলেন, অটল চাকমার মতো একজন সাজাপ্রাপ্ত আসামী কীভাবে দিনে দুপুরে পুলিশ ও অন্যান্য নিরাপত্তা বাহিনীর নাকের ডগায় বান্দরবান শহরে ঘোরাফেরা করতে পারে এবং প্রকাশ্যে চাঁদাবাজি ও সন্ত্রাসমূলক কাজ চালাতে পারে?

তিনি অবিলম্বে অটল চাকমাসহ সন্ত্রাসীদের গ্রেফতার পূর্বক আইনের আওতায় নিয়ে আসার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)